পাঠ-মূল্যায়ন-০২

শ্রেণিঃ দশম

বিষয়: হিসাব বিজ্ঞান

বিষয়: কোড: ১৪৬

সময়ঃ ৩ ঘণ্টা পূর্ণমানঃ ১০০

<u>ক বিভাগ: সৃজনশীল প্রশ্ন (নম্বর-৭০)</u>

১ ।রোজ ট্রেডার্স এর রেওয়ামিল ,৩১ডিসেম্বর ২০১৭

| ক্র. নং | হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| ১ | উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ৯০,০০০ |
| ২ | দেনাদার ও পাওনাদার | ৬২,০০০ | ৪৫,০০০ |
| ৩ | বেতন (১০ মাসের জন্য) | ১০,০০০ | |
| ৪ | বিমা সেলামি (৩১/৩/১৮ পর্যন্ত) | ২,৪০০ | |
| ৫ | কমিশন | ১,০০০ | ৪,৪০০ |
| ৬ | যন্ত্রপাতি | ৪০,০০০ | |
| ৭ | ১০% বিনিয়োগ | ৩০,০০০ | |
| ৮ | মনিহারি | ৫০০ | |
| ৯ | ক্রয় ও বিক্রয় | ২১,০০০ | ৪৭,০০০ |
| ১০ | অগ্রিম মজুরি | ২,৫০০ | |
| ১১ | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ৭,০০০ | ৫,০০০ |
| ১২ | অতিরিক্ত মূলধন (১/৭/১৭) | | ১০,০০০ |
| ১৩ | হাতে নগদ | ৬,০০০ | |
| ১৪ | প্রারম্ভিক মজুদ পণ্য | ৯,০০০ | |
| | মোট | ২,০১,৪০০ | ২,০১,৪০০ |

অন্যান্য তথ্যাদি :

১. সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা ।

২. মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা।

৩. বাকিতে ক্রয় ও বিক্রয় যথাক্রেমে ৫,০০০ টাকা ও ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

৪. কুঋণ সঞ্চিতি ৫% এবং মূলধনের সুদ ১০% ধরতে হবে।

ক. ত্বরিত অনুপাত ও নিট মুনাফা অনুপাত নির্ণয় কর। ২

খ. আয় বিবরণী প্রস্তুত করে নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. সমাপনী তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রণয়ন কর। ৪

২। নবীন ট্রেডার্স এর রেওয়ামিল ,৩১ ডিসেম্বর ২০১৭

| ক্র.নং | হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | ২৮,০০০ | |
| ২. | পণ্য ক্রয় ও বিক্রয় | ৮০,০০০ | ১,৫০,০০০ |
| ৩. | মূলধন | | ১,১০,০০০ |
| ৪. | আসবাবপত্র | ২৫,০০০ | |
| ৫. | সুনাম(১০ বছর) | ২০,০০০ | |
| ৬. | ইজায় সম্পত্তি | ৩০,০০০ | |
| ৭. | কারবারি বাট্টা | ২,০০০ | ১,০০০ |
| ৮. | বীমা প্রিমিয়াম | ৩,০০০ | |
| ৯. | কুঋণ ও কুঋণ সঞ্চিতি | ৩,০০০ | ৫,০০০ |
| ১০. | অডিট ফি | ২,০০০ | |
| ১১. | দেনাদার ও পাওনাদার | ২৫,০০০ | ২০,০০০ |
| ১২. | দস্তুরি | ২,০০০ | ৩,০০০ |
| ১৩. | প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ১৫,০০০ | ১১,০০০ |
| ১৪. | হাতে নগদ | ২০,০০০ | |
| ১৫. | ১০% বিনিয়োগ (১/৭/১৭) | ৪০,০০০ | |
| ১৬. | বেতন | ২৫,০০০ | |
| ১৭. | অতিরিক্ত মূলধন | | ২০,০০০ |
| | | ৩,২০,০০০ | ৩,২০,০০০ |

অন্যান্য তথ্যাদিঃ (১) সমাপনি মজুদ পণ্য ৪৫,০০০ টাকা, (২) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। (৩) বীমা প্রিমিয়াম ৩১.৩.১৮ পর্যন্ত ১ বছরের জন্য দেওয়া হয়েছে। (৪) দেনাদারের ৫% কুঋণ সঞ্চিতি রাখতে হবে। (৫) আসবাবপত্রের ১০% অবচয় রাখতে হবে।

ক. নবীন ট্রেডার্সের মোট মুনাফা বা মোট ক্ষতি নির্ণয় কর।
২

খ. নবীন ট্রেডার্সের নিট মুনাফা বা নিট ক্ষতি নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত তথ্য থেকে নবীন ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৩। সানমুন এন্টারপ্রাইজের কতিপয় লেনদেন নিচে প্রদত্ত হলঃ

২০১৭ ইং

জানু; ০১ নগদ ২,২৫,০০০ টাকা, ৭৫,০০০ টাকার পণ্যদ্রব্য এবং ৬০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করা হল।

" ০৩ ৫% বাট্টায় পণ্য ক্রয় ৬৫,০০০ টাকা।

" ০৫ ব্যাংকে জমা দেওয়া হল ৮০,৫০০ টাকা।

" ০৮ ১,৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৫০,০০০ টাকার চেক পাওয়া গেল।

" ১০ চেকে আদায় হল ৪৫,০০০ টাকা।

" ১৫ ব্যক্তিগত ব্যাংকের চেক মারফত প্রতিষ্ঠানের কর্মচারীর বেতন প্রদান ৩৫,০০০ টাকা।

" ২০ ব্যাংকের সুদ পাওয়া গেল ২,৫০০ টাকা।

" ২৫ ব্যাংক হতে উত্তোলন ২০,২০০ টাকা।

" ৩০ বাট্টা পাওয়া গেল ১,২০০ টাকা।

ক. ১ জানুয়ারি তারিখের লেনদেন হতে জাবেদা তৈরি কর। ২

খ. ৫, ১০, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলো দ্বারা সাধারণ জাবেদা তৈরি কর। ৪

গ. **T** ছক পদ্দতিতে ক্রয় হিসাব, দেনাদার হিসাব, নগদান হিসাব ও ব্যাংক হিসাব তৈরি কর। ৪

৪। অনন্য সিরামিকস ব্যবসায়ের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের উদ্দেশ্যে ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তের তথ্য সরবরাহ করে:-

মূলধন ৯৫,০০০ টাকা, হাতে নগদ (১/১/২০১৭) ২৫,০০০ টাকা, দেনাদার ৫৫,০০০ টাকা, ক্রয় খতিয়ানের জের ২৫,০০০ টাকা, উত্তোলন ১০,০০০ টাকা, ক্রয় ৩০,০০০ টাকা, বিক্রয় ৪৫,০০০ টাকা, বিনিয়োগের প্রাপ্য সুদ ৫,০০০ টাকা,সমাপনী মজুদ পণ্য ১২,০০০ টাকা, বিমা সেলামি ৫,০০০ টাকা, আমদানি শুল্ক ৩,৫০০ টাকা , কমিশন প্রাপ্তি ২,০০০ টাকা, ১০% ঋণ ২০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ২৫,০০০ টাকা, সমাপনী ব্যাংক জমা ৮,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. উক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৫। মাশরাফি এন্ড কোং এর ২০১৭ সালের জানুয়ারী মাসের লেনদেনগুলো নিম্নরূপ-

জানু. ১ হাতে নগদ ১,২৮,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ১৫,৫০০ টাকা।

জানু. ২ ৫% বাট্টায় রহিমের নিকট থেকে নগদে পণ্য ক্রয় ২৮,০০০ টাকা।

জানু. ৬ নাছিরের নিকট বিক্রয় ৪৮,০০০ টাকা।

জানু. ৯ রহিমের নিকট থেকে ২৫,০০০ টাকার মাল ক্রয় করে ৫,০০০ টাকার চেক দেয়া হলো।

জানু. ১১ নাছিরের নিকট পাওনা ৩৮,০০০ টাকার পূর্ণ-নিষ্পত্তিতে ২.৫% বাট্টায় একটি চেক পাওয়া গেল।

জানু. ১৫ ব্যক্তিগত প্রয়োজনে ৭,০০০ টাকা এবং অফিসের প্রয়োজনে ২,০০০ টাকা ব্যাংক থেকে উত্তোলন করা হলো।

জানু. ১৭ ৫% বাট্টায় ৩৫,০০০ টাকাার পণ্য বিক্রয় করা হলো।

জানু. ১৯ চৈতির নিকট হতে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।

জানু, ২১ হালিমকে তার পাওনা ১০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা প্রদান করা হলে।

জানু. ২৫ বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ৩,০০০ টাকা।

ক. যে সকল লেনদেন নগদান বইতে অন্তর্ভূক্ত হবে না সেগুলোর জাবেদা প্রস্তুত কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা তৈরি কর। ৪

গ. মাশরাফি এন্ড কোং এর একটি উপযুক্ত নগদান বই তৈরি কর। ৪

৬। বরিশাল সূবর্ণ প্রিন্টার্স, বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ২০১৭ সালে ২,৫০০টি ডায়েরি প্রস্তুতের একটি কাজ পেল। ডায়েরি তৈরির জন্য নিম্নোক্ত খরচগুলো হয়;
কাগজ ক্রয়, ৪০,০০০ টাকা, ছাপা ও কালি ক্রয় ২২,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১৫,০০০ টাকা, আঠা ও সুতা ক্রয় ৩,০০০ টাকা, কারখানা ভাড়া ৮,০০০ টাকা, কারখানা বিদ্যুৎ খরচ ২,৫০০ টাকা, অফিস ও প্রশাসনিক খরচ ৭,৫০০ টাকা, আপ্যায়ন খরচ ৫০০ টাকা, বিল আদায় খরচ দরপত্রে উদ্বৃত্ত মুল্যের ২%। প্রতিটি ডায়েরির দরপত্র উদ্বৃত্ত মূল্য ৪৫ টাকা।

ক. মূখ্য ব্যয় নির্ণয় কর। ২

খ. ২,৫০০ টি ডায়েরির উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. প্রতিটি ডায়েরির লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

৭। জনাব ইরন সিকদারের ব্যবসায়ে ২০১৭ সালের ফেব্রুয়ারি মাসে নিম্নলিখিত লেনদেন গুলো সম্পাদিত হয়।

ফেব্রু: ০১ মি. হারুনের নিকট হতে নগদে মাল ক্রয় ৫৫,০০০ টাকা যার বহন খরচ ২,৫০০ টাকা।

" ০৩ পুরাতন আসবাব পত্র বিক্রয় ২০,০০০ টাকা।

" ০৬ অনাদায়ী পাওনা ধার্য হয়েছে ২,৫০০ টাকা।

" ২২ বিজ্ঞাপনর উদ্দেশ্যে বিনামূল্য পণ্য বিতরণ ৫,০০০ টাকা।

" ২৮ ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ৫০০ টাকা।

ক. মাস শেষে নিট ক্রয়ের পরিমাণ কত?

খ. ফেব্রুয়ারি মাসের ১ তারিখের লেনদেন দ্বারা একটি ডেবিট ভাউচার তৈরি কর।

গ. জনাব ইরন সিকদারের জাবেদা বইতে উপর্যুক্ত লেনদেনগুলো লিপিবদ্ধ কর।

## খ বিভাগ: সংক্ষিপ্ত প্রশ্ন (নম্বর-৩০)

৮। সংক্ষিপ্ত উত্তর দাও:

১) ব্যবসায়ের ক্রমবিকাশের ধারায় কোন কাজটি প্রাচীন যুগে করা হতো?
২) পেশাদারী ব্যবসায়ের ক্ষেত্রে কোন ব্যবসায় সংগঠন উপযুক্ত?
৩) পাবলিক লি. কোম্পানির জন্যে ন্যূনতম কতজন প্রবর্তকের প্রয়োজন?
৪) ফ্রানসাইজিং চুক্তিতে কয়টি বিষয় অন্তর্ভূক্ত থাকে?
৫) মনন ও মেধা দ্বারা সৃষ্ট কাজকে কী বলে?
৬) হিসাববিজ্ঞানের জনক কে?
৭) প্রদেয় বিল কোন শ্রেণির হিসাব?
৮) সরকারি পতিষ্ঠান কার নিকট জবাবদিহি করে?
৯) কে ডেবিট নোট তৈরি করেন?
১০) হিসাববিজ্ঞানের মৌলিক সমীকরণটি কী?
১১ ক্যাশমেমো ব্যবহৃত হয় কখন?
১২) ক্যাশমেমো সাধারনত কত সেট তৈরি করা হয়?
১৩) সমীকরণ পদ্ধতিতে হিসাব কত প্রকার?
১৪) হিসাব সংরক্ষণের ধারাবাহিক আবর্তনকে কী বলে?
১৫) মুনাফাজাতীয় লেনদেন কয় প্রকার?
১৬) মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের মাধ্যমে কী প্রস্তুত করা হয়?
১৭) জাবেদা প্রধানত কয় প্রকার?
১৮) ক্রয় জাবেদায় কয়টি ঘর থাকে?
১৯) বিশেষ জাবেদা কত প্রকার?
২০) কোনটি হিসাবের পাকা বই?
২১) কোনটি সংরক্ষন করা বাধ্যতামূলক?
২২) তিনঘরা নগদান বইতে কোন বাট্টা হিসাবভূক্ত হয়?
২৩) ভাউচারের ওপর ভিত্তি করে কোন বই লেখা হয়?
২৪) রেওয়ামিল হিসাবচক্রের কততম ধাপ?
২৫) রেওয়ামির তৈরির মূখ্য উদ্দেশ্য কী?
২৬) বিশদ আয় বিবরণীর ধাপ কয়টি?
২৭) পরোক্ষ ব্যয় সাধারণত কত প্রকারের হয়ে থাকে?
২৮) পণ্য তৈরির প্রধান উপাদান কী?
২৯) বাজেট কী?
৩০) পরিবারের আপ্যায়ন খরচ কোন জাতীয় ব্যয়?